



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



নথি নং- ৩৬.০৫.০০০.০৩.০৩.১২৭১.২০১৮ (অংশ-১) / ৫২৪ (২)

তারিখ: ১৯.০৫.২০১৯খ্রিঃ

বরাবর,

ব্যবস্থাপনা পরিচালক
শক্তি এডিবল প্রোডাক্টস লিমিটেড,
মনেহর, কালিবাড়ী বাজার, আড়াইহাজার,
নারায়ণগঞ্জ।

বিষয়ঃ সিএম লাইসেন্স নং-১৯৮২১ বাতিল প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার কর্তৃক উৎপাদিত/বাজারজাতকৃত ফর্টিফাইড সয়াবিন তেল পণ্যের অনুকূলে সিএম লাইসেন্স নম্বর ১৯৮২১ ইস্যু করা হয়েছিল। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ভোজ্যতেলে ভিটামিন “এ” সমৃদ্ধকরণ আইন, ২০১৩ গেজেট আকারে প্রকাশের মাধ্যমে সকল ভোজ্যতেলে ভিটামিন “এ” ফর্টিফিকেশন বাধ্যতামূলক করেছে। এ আইন জারীর মাধ্যমে সকল ভোজ্যতেলে ভিটামিন “এ” ফর্টিফিকেশন ব্যতীত উৎপাদন, বিক্রয় ও বিতরণ নিষিদ্ধ করা হয়েছে। সম্প্রতি বাজার সার্ভিল্যান্সকালে সংগৃহীত নমুনা সংশ্লিষ্ট বিডিএস অনুযায়ী পরীক্ষান্তে অকৃতকার্য হওয়ায় কারণ দর্শনো নোটিশ প্রদান করলেও প্রতিষ্ঠানটি নির্দিষ্ট সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেনি। ফলে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন ২০১৮ খ্রিঃ -এর ১৬(৫)ধারা অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক ফর্টিফাইড সয়াবিন তেল ও ফর্টিফাইড পাম অলিন পণ্যের অনুকূলে প্রদত্ত সিএম লাইসেন্স নম্বর ১৯৮২১ গত ১৪.০৫.২০১৯ খ্রিঃ তারিখে বাতিল করা হয়েছে।

এমতাবস্থায়, বাতিলকৃত মূল সিএম লাইসেন্সটি অত্রাফিসে জমাদান করার জন্য এবং বৈধ সিএম লাইসেন্স গ্রহণ ব্যতীত ফর্টিফাইড ভোজ্যতেল বাজারজাত না করার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

(প্রকৌঃ স, এম ইসহাক আলী)
পরিচালক (সিএম)

অনুলিপি :

সদয় অবগতির জন্য-

- ০১। উপ-প্রধান ও প্রকল্প পরিচালক, ভোজ্যতেলে ভিটামিন-এ সমৃদ্ধকরণ
প্রজেক্ট, বাংলাদেশ (ফেজ-৩), শিল্প মন্ত্রণালয়।

০২। আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা

ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন : ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৯১৩১৫৮২, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd